

সংবাদ পরিক্রমা

জুলাই

৬ জুলাই ২০২০

শোক বার্তা

কিংবদন্তী সংগীতশিল্পী এন্ডু কিশোর এর মৃত্যুতে বাংলাদেশ শিল্পকলা একাডেমির মহাপরিচালকের শোক

কিংবদন্তী সংগীতশিল্পী এন্ডু কিশোর এর মৃত্যুতে গভীর শোক ও দুঃখ প্রকাশ করেছেন বাংলাদেশ শিল্পকলা একাডেমির মহাপরিচালক লিয়াকত আলী লাকী। মহাপরিচালক প্রয়াতের বিদেহী আত্মার শান্তি কামনা করেন এবং তাঁর শোকসন্তপ্ত পরিবারের সদস্যদের প্রতি গভীর সমবেদনা জানান।

উল্লেখ্য, আটবার জাতীয় চলচ্চিত্র পুরস্কার বিজয়ী দেশবরেণ্য কণ্ঠশিল্পী এন্ডু কিশোর ৬ জুলাই ২০২০ সোমবার সন্ধ্যায় রাজশাহীতে তাঁর বোন ডা. শিখা বিশ্বাসের বাড়িতে শেষ নিঃশ্বাস ত্যাগ করেন। তিনি দীর্ঘদিন ধরে ক্যান্সারে ভুগছিলেন। মৃত্যুকালে তিনি দুই সন্তানসহ অসংখ্য গুণগ্রাহী রেখে গেছেন।

০৮ জুলাই ২০২০

৩০০ শিল্পীর অংশগ্রহণে ‘করোনার বিরুদ্ধে শিল্প’ শীর্ষক আর্টক্যাম্প

‘Art Against Corona’ শীর্ষক কর্মসূচির অংশ হিসেবে বাংলাদেশ শিল্পকলা একাডেমি দেশের বরেণ্য, বিশিষ্ট ও প্রতিশ্রুতিশীল ৩০০জন শিল্পীর অংশগ্রহণে একটি আর্টক্যাম্প আয়োজনের উদ্যোগ গ্রহণ করেছে।

বাংলাদেশ শিল্পকলা একাডেমির মহাপরিচালক লিয়াকত আলী লাকী-এর পরিকল্পনায় একাডেমির চারুকলা বিভাগের ব্যবস্থাপনায় এই আয়োজনে বিভিন্ন পর্যায়ের ৩০০ জন শিল্পীকে ক্যানভাস ও ছবি আঁকার উপকরণ দেওয়া হয়েছে। এছাড়াও শিল্পীদের ছবি আঁকার জন্য বাংলাদেশ শিল্পকলা একাডেমির জাতীয় চিত্রশালা ভবনের বিভিন্ন গ্যালারী, প্লাজা এবং স্টুডিওতে সামাজিক দূরত্ব বজায় রেখে ছবি আঁকার ব্যবস্থা রাখা হয়েছে। নির্মিত শিল্পকর্ম নিয়ে পরবর্তিতে একটি প্রদর্শনী আয়োজন ও একটি ক্যাটালগ প্রকাশ করা হবে।



৮ জুলাই থেকে ২০ জুলাইয়ের মধ্যে শিল্পীরা একাডেমির চারুকলা বিভাগে শিল্পকর্ম জমা দিবেন। আর্টক্যাম্পটির মুখ্য সমন্বয়কারী শিল্পী জামাল আহমেদ, সমন্বয়কারী শিল্পী নাজমা আক্তার, শিল্পী কামাল পাশা চৌধুরী ও শিল্পী সনজীব দাস অপু।

বাংলাদেশের শিল্পীরা সকল জাতীয় আন্দোলনে এবং দুর্যোগকালীন

অনন্য ভূমিকা পালন করে আসছে। করোনা ভাইরাস মহামারিজনিত সংকটে আমাদের প্রাণপ্রিয় বাংলাদেশসহ সারা বিশ্ব আজ বিপর্যস্ত। বাংলাদেশ শিল্পকলা একাডেমি বাংলাদেশের সকল মাধ্যমের শিল্পীদের সুরক্ষা প্রদানের জন্য কর্মহীন শিল্পীদের পাশে দাঁড়ানোর চেষ্টা চালিয়ে যাচ্ছে। দেশের সকল মানুষকে সচেতন ও দায়িত্বশীল করার অভিপ্রায়ে দেশের সকল মাধ্যমের শিল্পীদের নিয়ে 'Art Against Corona' শীর্ষক সামাজিক ও সাংস্কৃতিক আন্দোলন গড়ে তোলার প্রত্যয় নিয়ে কাজ করছে। ইতোমধ্যে দেশব্যাপী কবিতা, চলচ্চিত্র, অভিনয়, সংগীত, যন্ত্রসংগীত, নৃত্য ইত্যাদি মাধ্যমের শিল্পীদের এই আয়োজনের সাথে সম্পৃক্ত হয়ে কাজ শুরু করেছে।

০৯ জুলাই ২০২০

ক্ষুদ্র নৃ-গোষ্ঠী সম্প্রদায় শিল্পীদের নিয়ে পাহাড়ের বর্ণিল সংস্কৃতি

Art against corona শিরোনামে বাংলাদেশ শিল্পকলা একাডেমির ফেসবুক পেইজে নিয়মিত অনুষ্ঠান প্রচারিত হচ্ছে। ৯ জুলাই ২০২০ তিন পার্বত্য জেলার শিল্পীদের নিয়ে অনুষ্ঠিত হয়েছে 'পাহাড়ের বর্ণিল সংস্কৃতি' সাংস্কৃতিক অনুষ্ঠান। প্রতিদিন বিকাল ৫টায় অনুষ্ঠান শুরু হয়। শুরুতে স্বাগত বক্তব্য দিয়েছেন বাংলাদেশ শিল্পকলা একাডেমির মহাপরিচালক লিয়াকত আলী লাকী। তিন পার্বত্য জেলার মতো অন্যান্য অঞ্চলের ক্ষুদ্র নৃ-গোষ্ঠী শিল্পীদের নিয়ে পর্যায়ক্রমে অনুষ্ঠান আয়োজন করা হবে বলে জানিয়েছেন একাডেমির মহাপরিচালক।

অতিথি শিল্পী তনুশ্রী মানজি চাকমা ও নেপালি ভাষায় কবিতা আবৃত্তি করেছেন। জেকলিন তঞ্চঙ্গ্যা বান্দরবান থেকে গান পরিবেশন করেছেন। খাগড়াছড়ি থেকে রিয়া চাকমা চাকমা নৃত্য পরিবেশন

করেছেন। খাগড়াছড়ি থেকে অনুশ্রী চাকমা গান পরিবেশনা করেন। জনেশ চাকমা ও নম্রতা খিসা রাঙামাটির একটি গানের সাথে নৃত্য পরিবেশন করেছেন। বান্দরবান থেকে বম গান পরিবেশন করেছেন বামরামতিয়াম আমলাই। খাগড়াছড়ির



উর্মি ত্রিপুরা নৃত্য পরিবেশন করেন। বান্দরবানের উখ্যই মারমা গান পরিবেশন করেন। রাঙামাটি থেকে জনেশ চাকমা নৃত্য পরিবেশন করেন। রাঙামাটি থেকে তিসা চাকমা গান পরিবেশন করেন। খাগড়াছড়ি থেকে ক্রাজেরি মার্মা ময়ুর নৃত্য পরিবেশন করেন। অনুষ্ঠানটি সমন্বয় করেছেন রাঙামাটি জেলা কালচারাল অফিসার অনুসিনথিয়া চাকমা এবং সঞ্চালনা করেছেন বিজ্ঞান্তর তালুকদার।